

# উত্তরপাড়া পুরসভার সহযোগিতায় বনমহোৎসব পালন

বনস্পতি দে-উত্তরপাড়া, হগলী, ১২ আগস্টঃ উত্তরপাড়ায় রবিবার সকালে বনমহোৎসব পালিত হয়। এছাড়া পরিবেশ দৃষ্টি আটকাতে প্লাস্টিক প্যাকেট বর্জন করে জুটের ব্যাগ ও এক হাজার চারাগাছ সাধারণ মানুষদেরকে দেওয়া হয়। এদিন উত্তরপাড়া পুরসভার ২২ নং ওয়ার্ডে মাখলা মানিকতলায় অধিল ভারতীয় ক্ষত্রিয়সমাজ গঙ্গা মিশনের উদ্যোগে ও উত্তরপাড়া পুরসভার সহযোগিতায় এই অনুষ্ঠান হয়। উপস্থিত ছিলেন উত্তরপাড়ার পুরচেয়ারম্যান দিলীপ যাদব, এলাকার বিধায়ক প্রবীর বোঝাল গঙ্গা মিশনের কর্ণধার পল্লব গোয়েকা, বিশিষ্ট সমাজসেবী মানিক সিংহ, অধিল ভারতীয় ক্ষত্রিয়সমাজের পক্ষে ডঃ অর্জুন প্রসাদ, চন্দ্রিকা সিং ও জয়প্রকাশ সিং

এবং সম্পাদক প্রকাশ সিং। মানিকতলার নেশরক্ষীবাহিনীর যুগ্ম সম্পাদক হৃষীকেশ চ্যাটাজী, ইন্দ্রজিৎ কুণ্ডু, বেশকিছু কাউন্সিলার ও বিশিষ্টরা। প্রথমে অতিথিদের বরণ করা হয়। বঙ্গব্য রাখতে গিয়ে উত্তরপাড়া পুরসভার দিলীপ যাদব বলেন অধিল ভারতীয় ক্ষত্রিয়সমাজ ও গঙ্গা মিশন সমাজের অনেক দায়িত্ব পালন করেন। তারা প্রত্যেক বছর চারহাজার চারাগাছ দেয়। শহর পরিষ্কারের জন্য জঞ্জালের পাত্র দেয়। তাদেরকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানায়। তারা দৃষ্টিহীন ছেলেমেয়েদের জন্য অনেক সাহায্য করে ও দুঃস্থদের পাশে থাকেন। তারা পরিবেশ দৃষ্টি ঠেকাতে এগিয়ে এসেছেন। গঙ্গা বাচাতে সাহায্য করছেন। শহর পরিষ্কারের জন্য পুরসভার পক্ষ থেকে পুরস্কার দেওয়া

হবে বলেও তিনি জানান। গঙ্গা মিশনের পক্ষে পল্লব গোয়েকা বলেন গঙ্গা আমাদের মা গঙ্গা দৃষ্টি আটকাতেই হবে। গঙ্গার জলে সব শুল্ক হয়। আমরা প্রত্যেক শুলকে পাঁচটা করে জলের ফিল্টার দিছি। আগামী পাঁচ বছরে জেলার সব শুলকেই দেবো। গঙ্গা দৃষ্টি করবেন না নোংরা ফেলবেন না। অধিল ভারতীয় ক্ষত্রিয়সমাজের পক্ষে জয়প্রকাশ সিং বলেন সমাজের জন্য পরিবেশকে ভালো রাখতে হবে। তার জন্য গাছ লাগানো খুবই প্রয়োজনীয়। পুরুরে মাছ ছাড়তে হবে। ডাস্টবিন ব্যবহার করুণ। গঙ্গা দৃষ্টির বিরুদ্ধে আনেক কাজ হচ্ছে। মানুষ কিভাবে বাঁচবে সেদিকে লক্ষ রেখে গাছ লাগান, পশ্চপার্শদের বাঁচান, শহর পরিষ্কার রাখুন। প্লাস্টিক বর্জন করুণ।